

# বহুমূত্ররোগগ্রস্ত মায়ের নবজাতক

## Infant of a Diabetic Mother

### বহুমূত্র বা ডায়াবেটিস কি

#### What is diabetes?

রক্তে অতিরিক্ত চিনি বা শর্করার উপস্থিতিকে বহুমূত্র বলে। রক্তের শর্করা ইনসুলিন দ্বারা নিয়ন্ত্রিত হয়। খাদ্য গ্রহণের পর যখন রক্তে শর্করার আধিক্য ঘটে, শরীর রক্তে ইনসুলিন নিঃসরণ ঘটায়। ইনসুলিন শর্করাকে কোষের ভেতরে প্রবেশে সহায়তা করে কোষের শক্তি ও বৃদ্ধির জন্য। আপনার বহুমূত্র হলে শরীর নিঃসৃত অপরিষ্কৃত ইনসুলিনের কারণে রক্তের শর্করা অস্বাভাবিক বেড়ে যায়।

### প্রসূতী মায়ের বহুমূত্র কিভাবে গর্ভস্থ শিশুকে প্রভাবিত করে?

#### How does diabetes in the mother affect the baby before birth?

যখন মায়ের রক্তের শর্করা বেড়ে যায়, শর্করা মায়ের গর্ভফুলে অতিক্রম করে জ্রুণে পৌঁছে এবং ফলশ্রুতিতে শিশুর রক্তে শর্করার মাত্রা বাড়ায়। অতিরিক্ত শর্করার জন্য জ্রুণ অতিরিক্ত ইনসুলিন তৈরী করে। জ্রুণের রক্তের এ অতিরিক্ত ইনসুলিন এবং যে সমস্ত পরিবর্তন বহুমূত্ররোগগ্রস্ত মায়ের গর্ভফুলে ঘটে থাকে তা নিম্নে উল্লিখিত সমস্যাগুলো তৈরী করতে পারে:

#### ১. বড় শিশু

উচ্চমাত্রার শর্করা ও উচ্চমাত্রার ইনসুলিন একত্রে শিশুর স্বাভাবিকের চেয়ে বেশী বৃদ্ধি ঘটায়।

#### ২. ছোট শিশু

এটি বিরল এবং মায়ের যদি বেশ কয়েক বছর ধরে বহুমূত্র হয়ে থাকে যার ফলে তাদের রক্তনালী এবং গর্ভফুলে পরিবর্তন হয়ে গিয়ে থাকে।

### জন্মের সময় কি জটিলতা হতে পারে?

#### Could there be complications at birth?

স্বাভাবিকভাবে শিশুর মাথা শরীরের তুলনায় বড় এবং প্রসবকালীন প্রথমে বেরিয়ে আসে। মাথা যদি বেরিয়ে আসতে পারে শরীরের অন্যান্য অংশ সহজেই পিছলে বেরিয়ে আসে। বহুমূত্ররোগগ্রস্ত মায়ের শিশুদের কাঁধ বড় হতে পারে যা প্রসবকালীন জটিলতা তৈরী করে।

# বহুমূত্ররোগগ্রস্ত মায়ের নবজাতক

Infant of a Diabetic Mother

## জন্মের পরে এধরণের শিশুদের কি কি সমস্যা হয়?

What problems do these babies have after birth?

### ১. রক্তের নিম্ন শর্করা

শিশুর জন্মের পর এরা আর মায়ের শরীর থেকে শর্করা পায় না। এই শিশুরা যে পরিমাণ শর্করা খাদ্যে গ্রহণ করে তার চেয়ে ইনসুলিনের পরিমাণ অনেক বেশী থাকতে পারে। এই অতিরিক্ত ইনসুলিনের কারণে রক্তের শর্করার মাত্রা কমে যায়।

### ২. শ্বাস

প্রশ্বাসের সমস্যাসমূহ

### ৩. পলিসাইথেমিয়া

এর অর্থ হল অধিক সংখ্যক লোহিত রক্তকণিকা। স্বাভাবিকের চেয়ে সামান্য বেশী হলে তার চিকিৎসার প্রয়োজন নাই। লোহিত কণিকার সংখ্যা অত্যধিক বেশী হলে রক্ত ঘন হয়ে পরে এবং রক্তনালীতে রক্তপ্রবাহ ধীরে বহমান হয়। অতি ঘন রক্ত সহজেই জমাট বেঁধে যায় ও অযাচিত রক্তের ডেলা তৈরী করে। প্রয়োজন হলে এই ধরনের সমস্যা সহজেই চিকিৎসা করা যায়।

### ৪. অপরিপক্ব শিশু

মাকে মাঝে বহুমূত্রাক্রান্ত মায়ের শিশুরা সময়ের পূর্বেই ভূমিষ্ট হয় এবং অপরিপক্ব শিশুদের অন্যান্য সাধারণ সমস্যাগুলো থাকতে পারে।

## আমার শিশু কি ভবিষ্যতে বহুমূত্রে আক্রান্ত হতে পারে?

Will my baby develop diabetes later on?

বহুমূত্ররোগগ্রস্ত মায়ের শিশু হওয়া মানেই এই নয় যে শিশুটি পরবর্তীতে কিংবা পরিণত বয়সে বহুমূত্রাক্রান্ত হবে। বহুমূত্র বংশ পরম্পরায় হতে পারে বিধায় এই শিশুরও পরিবারের অন্যান্য সদস্যদের মতো সমান ঝুঁকি রয়েছে। এটি সাধারণ জনগণের চেয়ে তাদের সামান্য উচ্চ ঝুঁকিপূর্ণ করতে পারে।

বহুমূত্র সম্বন্ধে অধিক তথ্য জানতে চাইলে অনুগ্রহ করে কর্মকর্তার সাথে কথা বলুন।

## দোভাষী সেবা

Interpreter Services

ইংরেজী বুঝতে বা বলতে আপনার সহায়তা লাগলে পেশাদার দোভাষীদের সাহায্য নিতে পারেন। আপনার পরিবারের সদস্য বা বন্ধু উপস্থিত থাকতে পারেন, যদিও আপনার শিশুর চিকিৎসা সংক্রান্ত সকল যোগাযোগ পেশাদার দোভাষীর মাধ্যমে হওয়া উচিত। পেশাদার দোভাষীদের সেবা বিনামূল্যে এবং গোপনীয়।

পেশাদার দোভাষীর সেবা চাওয়া আপনার অধিকার যদি আপনাকে সে সেবা দেওয়ার প্রস্তাব না করা হয়। কর্মকর্তা আপনার জন্য পেশাদার দোভাষীকে লিপিবদ্ধ করবেন।

আমাদের সাথে যোগাযোগের ক্ষেত্রে দোভাষী ব্যবহারের প্রয়োজন হলে টেলিফোন ট্রান্সলেটিং ও ইন্টারপ্রিটার সার্ভিস -এর ১৩১ ৪৫০ নম্বরে অনুগ্রহ পূর্বক ফোন করুন।

এই তথ্যের বিষয়ে আপনার যেকোন দৃষ্টিভঙ্গি আলোচনা করতে আমাদের ই-মেইল করুনঃ

ই-মেইলঃ [SESLHD-RHWfeedback@health.nsw.gov.au](mailto:SESLHD-RHWfeedback@health.nsw.gov.au)

This resource was produced by the Newborn Care Centre, The Royal Hospital for Women.

Funding for translations provided by the Multicultural Health Service, South Eastern Sydney Local Health District.